

## সেবার তালিকাঃ

### ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক প্রদত্ত সেবা সমূহঃ

- ১। ইসলামিক ফাউন্ডেশন ইমাম প্রশিক্ষণ একাডেমী সিলেট কেন্দ্রের মাধ্যমে জেলার ইমামদেরকে আর্থ সামাজিক উন্নয়নে সম্পৃক্ত করার লক্ষ্যে প্রশিক্ষণের জন্য ইমাম বাছাই করে প্রশিক্ষণ দিয়ে থাকে।
- ২। প্রশিক্ষণপ্রাপ্ত ইমামদের মধ্য থেকে শ্রেষ্ঠ ইমাম ও খামারী নির্বাচন করা হয় এবং নির্বাচিত শ্রেষ্ঠ ইমাম ও খামারীকে নগদ অর্থ, ফ্রেস্ট ও সনদ পুরস্কার হিসেবে বিতরণ করা হয়ে থাকে।
- ৩। মাসিক ১৫ টাকা চাদাঁর মাধ্যমে ইমাম মুয়াজ্জিন কল্যাণ ট্রাস্টের সদস্য হওয়া যায়। প্রতি উপজেলায় ৯ জন করে অসহায়, দরিদ্র ইমামদের মধ্যে অনুদান এবং ২ জনকে সুদমুক্ত ঋণ বিতরণ করা হয়ে থাকে।
- ৪। যাকাত ফান্ড বিভাগের রশিদের মাধ্যমে বিত্তবানদের নিকট হতে যাকাত আদায় পূর্বক যাকাত কমিটির সভাপতি, জেলা প্রশাসক মহোদয়ের সমন্বয়ে গঠিত কমিটির মাধ্যমে প্রাপ্ত অর্থ দরিদ্র, অসহায়, যাকাত পাওয়ার যোগ্য এমন লোকদের পূর্ববাসনের জন্য বিতরণ করা হয়।
- ৫। চাঁদ দেখা কমিটির সদস্যদের মাধ্যমে মাসিক চাঁদ দেখা ও চাঁদ দেখা সাপেক্ষে হিজরি সন গণনা করা হয়ে থাকে।
- ৬। বই বিক্রয় শাখার মাধ্যমে প্রায় ৪০০০ টাইটেলের বই ভর্তুকি মূল্যে বিক্রয় করা হয়। বিক্রয় হট লাইন : (০১৭৪৩-৪৭৫৮৯৮) তে কল করে বইয়ের আপডেট তথ্য ঘরে বসে ক্রেতার জানতে পারবেন। এতে তাদের সময়, খরচ ও ভ্রমণ হ্রাস পাবে।
- ৭। সরকারি ব্যবস্থাপনায় হজে গমনেচ্ছু হজ যাত্রীদের নিবন্ধন করা হয়।
- ৮। শিশু কিশোর ইসলামিক সাংস্কৃতিক প্রতিযোগিতা (উপজেলা, জেলা ও বিভাগ) আয়োজন করা হয়ে থাকে। বিজয়ীদের মধ্যে সনদ ও পুরস্কার বিতরণ করা হয়ে থাকে।
- ৯। সরকারি যাকাত ফান্ডে বিত্তবানদের নিকট থেকে যাকাতের অর্থ সংগ্রহ করে যাকাত ফান্ড বিভাগে প্রেরণ করা হয়ে থাকে। কেন্দ্রীয় যাকাত ফান্ড থেকে প্রাপ্ত অর্থ গরীব, অসহায় যাকাত পাওয়ার যোগ্য এমন ব্যক্তিদের মধ্যে বিতরণ করা হয়ে থাকে।
- ১০। মসজিদ পাঠাগার সম্প্রসারণ প্রকল্পের মাধ্যমে আবেদিত ও অনুমোদিত মসজিদে আলমারী, পুস্তক প্রদান করে নতুন পাঠাগার স্থাপন করা হয়ে থাকে।
- ১১। হাওর এলাকার জনগণের জীবনমান উন্নয়ন ও জীববৈচিত্র্য সংরক্ষণে ইমামদের মাধ্যমে উদ্বোধনকরণ প্রকল্পের মাধ্যমে হাওর এলাকার ইমামদের প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে।